



গুসকরা মহাবিদ্যালয়

(ন্যাক স্বীকৃত 'এ' শ্রেণীর স্নাতক স্তরের মহাবিদ্যালয়)

গুসকরা, বর্ধমান - ৭১৩১২৮, পঃ বঃ

নেতাজীর মহানিষ্ঠামণের ৭৫ তম বর্ষপূর্তি উপলক্ষ্যে জেলাস্তরে আয়োজিত প্রতিযোগিতাসমূহের সাধারণ নিয়মাবলী

১. পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা দফতরের বিশেষ উদ্যোগে নেতাজী সুভাষচন্দ্র বসুর মহানিষ্ঠামণের (১৬ জানুয়ারী, ১৯৪১) ৭৫ তম বর্ষপূর্তি উপলক্ষ্যে জেলাস্তরে আয়োজিত প্রতিযোগিতাগুলি হল —
 - (ক) রচনা প্রতিযোগিতা
 - (খ) বিতর্ক প্রতিযোগিতা
 - (গ) তাৎক্ষণিক বক্তৃতা প্রতিযোগিতা
 - (ঘ) কুইজ প্রতিযোগিতা
 - (ঙ) পোস্টার অঙ্কন প্রতিযোগিতা
২. জেলাস্তরে এই প্রতিযোগিতাসমূহের ক্ষেত্রে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীকে পুরস্কৃত করা হবে এবং প্রথম ও দ্বিতীয় স্থানাধিকারী রাজ্যস্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।
৩. বিতর্ক প্রতিযোগিতার ক্ষেত্রে বিতর্কের বিষয়ের পক্ষে ও বিপক্ষে অংশগ্রহণকারী শ্রেষ্ঠ প্রতিযোগী একজন করে মোট দুজনকে রাজ্যস্তরে প্রেরণ করা হবে।
৪. প্রত্যেক প্রতিযোগিতার ক্ষেত্রে লেখার জন্য নীল কালির বল পয়েন্ট পেন ব্যবহার করতে হবে।
৫. একজন প্রতিযোগী সর্বাধিক দুটি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
৬. একটি মহাবিদ্যালয় থেকে সর্বাধিক মোট দশজন ছাত্র/ছাত্রী প্রতিযোগিতাসমূহে অংশগ্রহণ করতে পারবে।
৭. কোন প্রতিযোগিতাতেই অংশগ্রহণের জন্য কোন ফি বা চার্জ নেই।
৮. সকল প্রতিযোগিতার ক্ষেত্রে বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

প্রতিযোগিতাভিত্তিক সুনির্দিষ্ট নিয়মাবলী

(ক) রচনা প্রতিযোগিতা —

- (১) “ভারতের স্বাধীনতা সংগ্রামে নেতাজী সুভাষচন্দ্র বসুর অবদান” - এই বিষয়ের উপর সর্বোচ্চ ১৫০০ শব্দের মধ্যে রচনা লিখতে হবে।
- (২) প্রত্যেক ছাত্রছাত্রীকে নীল কালির বল পয়েন্ট পেন ব্যবহার করতে হবে।
- (৩) প্রত্যেক পাতার একদিকের পৃষ্ঠায় লিখতে হবে ও বিপরীত পৃষ্ঠা ফাঁকা রাখতে হবে। লেখার পাতা সরবরাহ করা হবে।
- (৪) রচনার প্রথম পাতায় প্রত্যেক প্রতিযোগীকে নিজের নাম, মহাবিদ্যালয়ের নাম, জেলার নাম, বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর ও কলেজ রোল নম্বর সুস্পষ্ট অঙ্করে উল্লেখ করতে হবে।
- (৫) লেখার সুবিধার জন্য, প্রয়োজন হলে, একটি নিজস্ব ও পরিচ্ছন্ন রাইটিং ক্লিপ বোর্ড ব্যবহার করা যেতে পারে।
- (৬) রচনা প্রতিযোগিতার জন্য বরাদ্দকৃত সময় হল ৪০ মিনিট।

পরের পাতায়.

(খ) বিতর্ক প্রতিযোগিতা —

- (১) বিতর্কের বিষয় হ'ল “সশস্ত্র আন্দোলনই পূর্ণ স্বাধীনতা অর্জনের শ্রেষ্ঠ পথ।”
- (২) প্রত্যেক প্রতিযোগী বক্তব্য রাখার জন্য পাঁচ মিনিট সময় পাবেন। যদিও সর্বপ্রথম বক্তা সবশেষে পুনরায় বক্তব্য রাখার জন্য পাঁচ মিনিট বাড়তি সময় পাবেন।
- (৩) প্রতিযোগিতার প্রথমে বিষয়ের পক্ষে তারপর বিপক্ষে, পুনরায় পক্ষে ও তারপর বিপক্ষে এই ক্রমানুসারে অনুষ্ঠিত হবে।
- (৪) এই প্রতিযোগিতায় তিনজন বিচারক থাকবেন ও প্রত্যেক প্রতিযোগীর তিনজন বিচারকের নিকট হতে প্রাপ্ত নম্বরের (পূর্ণ মান ১০) গড় নম্বরের ভিত্তিতে মেধা তালিকা প্রস্তুত করা হবে।
- (৫) নম্বরের ভিত্তিতে প্রস্তুত মেধা তালিকা অনুযায়ী প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীকে পুরস্কৃত করা হবে।
- (৬) পক্ষের ও বিপক্ষের বক্তাদের মধ্যে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত প্রতিযোগীদের রাজ্যস্তরে প্রেরণ করা হবে।
- (৭) এই প্রতিযোগিতায় তিনজন বিচারক ব্যতীত একজন স্কোরার ও একজন টাইম কীপার থাকবেন।

(গ) পোস্টার অঙ্কন প্রতিযোগিতা —

- (১) পোস্টার অঙ্কন প্রতিযোগিতার মূল ভাবনা তথা থিম হল “নেতাজীর জীবন ও জীবনচর্যা।”
- (২) পোস্টারগুলি অবশ্যই রঙীন হতে হবে।
- (৩) পোস্টার অঙ্কনের জন্য প্রয়োজনীয় আর্ট পেপার সরবরাহ করা হবে এবং অঙ্কনের জন্য প্রয়োজনীয় যাবতীয় সরঞ্জাম প্রতিযোগীকে নিয়ে আসতে হবে।
- (৪) পোস্টার অঙ্কনের জন্য বরাদ্দকৃত সময় হল ৪০ মিনিট।

(ঘ) তাৎক্ষণিক বক্তৃতা প্রতিযোগিতা —

- (১) একজন নির্দিষ্ট প্রতিযোগী তার বক্তৃতার ৫ মিনিট আগে বক্তৃতার বিষয় জানানো হবে। লটারির মাধ্যমে বক্তৃতার বিষয় বেছে নেওয়া হবে।
- (২) যে কোন একটি ভাষাতেই বক্তব্য পেশ করতে হবে। কেবলমাত্র উদ্ভূতি ব্যবহারের ক্ষেত্রে ভিন্ন ভাষা ব্যবহার করা যেতে পারে। একাধিক / মিশ্র ভাষায় বক্তৃতা গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- (৩) কাগজ বা অন্য কোন কিছু দেখে / ব্যবহার করে বক্তৃতা দেওয়া যাবে না।
- (৪) তাৎক্ষণিক বক্তৃতার জন্য বরাদ্দকৃত সময় হল ৪ মিনিট। বিষয় - নেতাজীর জীবন ও কার্যাবলী।

(ঙ) কুইজ প্রতিযোগিতা —

- (১) প্রত্যেক মহাবিদ্যালয়/কলেজ থেকে দুই সদস্যের একটি দল কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। নেতাজীর জীবন, দর্শন ও ভারতের স্বাধীনতা সংগ্রামে নেতাজীর ভূমিকা —এই মূল বিষয়ের উপরেই প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হবে।
- (২) কেবলমাত্র মৌখিক ছাড়াও চিত্র ও শব্দ মাধ্যমেও প্রতিযোগিতায় ব্যবহার করা হবে।

প্রতিযোগিতার সময়সূচী
তারিখ : ১৮.১১.২০১৬, শুক্রবার
স্থান : গুসকরা মহাবিদ্যালয়

প্রতিযোগিতার নাম	সময়	কক্ষ
(ক) রচনা প্রতিযোগিতা	সকাল ১১.০০ - ১১.৪০	১৯ নম্বর
(খ) বিতর্ক প্রতিযোগিতা	দুপুর ১১.৪০	২৬ নম্বর
(গ) পোস্টার অঙ্কন প্রতিযোগিতা	দুপুর ১.০০ - ১.৪০	তারাশঙ্কর ব্লক (তৃতীয় তল)
(ঘ) তাৎক্ষনিক বক্তৃতা প্রতিযোগিতা	দুপুর ২.০০	১ নম্বর
(ঙ) কুইজ প্রতিযোগিতা	বিকাল ৩.০০	সত্যেন্দ্রনাথ বোস হল (তৃতীয় তল)

মধ্যাহ্নের আহার - ১.০০ - ২.০০